

## জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটির ৯০তম সভার কার্যবিবরণী:

সভাপতি : ড. মো: কবির ইকরামুল হক  
নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও চেয়ারম্যান, জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটি।

সভার তারিখ : ১৬ জানুয়ারী, ২০১৮

সময় : বিকাল ৩.০০ ঘটিকায়

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটির ৯০তম সভা ১৬ জানুয়ারী, ২০১৮ বিকাল ৩.০০ ঘটিকায় ড. মো: কবির ইকরামুল হক, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও চেয়ারম্যান, জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটি এর সভাপতিত্বে বিএআরসির ১নং সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুরকে অনুরোধ জানান। জনাব মোঃ ইকবাল, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী ও সদস্য সচিব, কারিগরী কমিটি, উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত সদস্য, কর্মকর্তা ও বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিগণের তালিকা পরিশিষ্ট "ক" এ দেয়া হলো।

**আলোচ্য বিষয় ১: জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটির ৮৯তম সভার কার্যবিবরণী অনুমোদন।**

জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটির ৮৯তম সভাগত ২৬ নভেম্বর, ২০১৭ সকাল ১০.০০ ঘটিকায় ড. ভাগ্য রানী বনিক, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও চেয়ারম্যান, কারিগরী কমিটি, জাতীয় বীজ বোর্ড এর সভাপতিত্বে বিএআরসি'র ১নং সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী বীজ প্রত্যয়ন এজেন্সীর ডিসেম্বর/২৬, ২০১৭ খ্রি: তারিখের ২৮১৮ সংখ্যক স্মারকের মাধ্যমে কমিটির সকল সদস্যবৃন্দের নিকট বিতরণ করা হয়। এ বিষয়ে কোন লিখিত মতামত পাওয়া যায়নি এবং অদ্যকার সভায় কোন আপত্তি না থাকায় কার্যবিবরণীটি পরিসমর্থনের সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।

**সিদ্ধান্ত ৪ জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটির ৮৯ তম সভার কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে পরিসমর্থিত হলো।**

**আলোচ্য বিষয় ২: বোরো মৌসুমে (২০১৫-১৬ ও ২০১৬-১৭) মূল্যায়নকৃত হাইব্রিড ধানের ৭টি জাত, হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণ, ২০১৬ অনুসরণ করে জাতীয় বীজ বোর্ডে সুপারিশকরণ।**

**জাতীয় বীজ বোর্ডের ৯৪তম সভার আলোচ্য সূচী ৩ এর সিদ্ধান্ত**

- ১। বোরো মৌসুমে (২০১৫-১৬ ও ২০১৬-১৭) মূল্যায়নকৃত হাইব্রিড ধানের ৭টি হাইব্রিড জাত নিবন্ধনের বিষয়ে কারিগরী কমিটিকে হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণ, ২০১৬ অনুসরণ করে জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করতে হবে।
- ২। হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণের পদ্ধতি পর্যালোচনার কারিগরী কমিটির সুপারিশকৃত "দেশে উদ্ভাবিত ধানের কোন Standard হাইব্রিড জাত না থাকায়" বিষয়টি যৌক্তিক নয় বিধায়, তা সংশোধন করে ২০/০১/১৮ তারিখের মধ্যে পুন:রায় প্রস্তাব প্রেরণ করতে হবে।

**আলোচনা :** আলোচ্য সূচী ৩ (১) এর বিষয়ে পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বলেন যে, ৭টি হাইব্রিড ধানের মূল্যায়ন কার্যক্রম ২০১৫-১৬ মৌসুম হতে শুরু হয়েছে যাহা হাইব্রিড ধানের পূর্বের মূল্যায়ন ও নিবন্ধন পদ্ধতি অনুসরণ করে মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করা হয়েছে। ফলে ৭টি হাইব্রিড ধানের বিষয়ে কারিগরী কমিটির ৮৭তম সভায় ছাড়করণের সুপারিশের অনুরূপ সুপারিশ করা যেতে পারে। এ বিষয়ে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন।

- ২। আলোচ্য সূচী ৩ (২) এর বিষয়ে " দেশে উদ্ভাবিত ধানের কোন Standard হাইব্রিড জাত না থাকায় " বাক্যংশটি বাদ দেয়ার বিষয়ে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন।

সিদ্ধান্ত-১ঃ ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ বোরো মৌসুমে হাইব্রিড ধানের ট্রায়ালকৃত অনটেশন ও অনফার্ম উভয়ক্ষেত্রে চেকজাত থেকে দুই বছরের গড় ফলন তিন কিংবা তিনের অধিক স্থানে heterosis ২০% বা তার বেশী হওয়ায় নিম্নবর্ণিত জাতগুলোকে সাময়িকভাবে ও বোরো মৌসুমে চাষাবাদের নিমিত্তে সাময়িকভাবে শর্তসাপেক্ষে নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হল:

- ১.১ ভিশন এগ্রো কোম্পানী লিমিটেড এর হাইব্রিড ধান LG 92.01 হাইব্রিড জাতটি ভিশন এগ্রো হাইব্রিড ধান-১ (LG 92.01) হিসেবে চট্টগ্রাম, খুলনা, বরিশাল ও রংপুর ৪টি অঞ্চলে heterosis ২০% এর অধিক হওয়ায় সারা দেশে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে নিবন্ধনের সুপারিশ করা হলো।
- ১.২ ভিশন এগ্রো কোম্পানী লিমিটেড এর হাইব্রিড ধান LG 93.01 হাইব্রিড জাতটি ভিশন এগ্রো হাইব্রিড ধান-২ (LG 93.01) হিসেবে ৩টি অঞ্চলে heterosis ২০% এর অধিক হওয়ায় চট্টগ্রাম, খুলনা ও রংপুর অঞ্চলে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে নিবন্ধনের সুপারিশ করা হলো।
- ১.৩ মাহিকো বাংলাদেশ (প্রা:) লি: এর MAHY-2 (RXEL-27) হাইব্রিড জাতটি ' মাহিকো হাইব্রিড ধান-১ (RXEL-27) হিসেবে ৩টি অঞ্চলে heterosis ২০% এর অধিক হওয়ায় চট্টগ্রাম, খুলনা ও রংপুর অঞ্চলে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে নিবন্ধনের সুপারিশ করা হলো।
- ১.৪ ব্র্যাক সীড অ্যান্ড অ্যাগ্রো এন্টারপ্রাইজ এর ব্র্যাক হাইব্রিড ধান-১৪ (RXML-22) হাইব্রিড জাতটি ব্র্যাক হাইব্রিড ধান ১৪ (RXML-22) হিসেবে ৩টি অঞ্চলে heterosis ২০% এর অধিক হওয়ায় চট্টগ্রাম, খুলনা ও রংপুর অঞ্চলে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে নিবন্ধনের সুপারিশ করা হলো।
- ১.৫ Winal Hi-Tech Seed Co. Ltd, Bangladesh এর Winal Hi-Tech Hybrid Dhan-5 (Win-601) হাইব্রিড জাতটি উইনাল হাইটেক হাইব্রিড ধান-৩ (Win-601) হিসেবে ৩টি অঞ্চলে heterosis ২০% এর অধিক হওয়ায় চট্টগ্রাম, খুলনা ও রংপুর অঞ্চলে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে নিবন্ধনের সুপারিশ করা হলো।
- ১.৬ Winal Hi-Tech Seed Co. Ltd, Bangladesh এর Winal Hi-Tech Hybrid Dhan 6 (Win 606) হাইব্রিড জাতটি উইনাল হাইটেক হাইব্রিড ধান-৪ (Win-606) হিসেবে ৩টি অঞ্চলে heterosis ২০% এর অধিক হওয়ায় চট্টগ্রাম, খুলনা ও রংপুর অঞ্চলে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে নিবন্ধনের সুপারিশ করা হলো।
- ১.৭ গোল্ডেন বার্ন কিংডম বাংলাদেশ (প্রা:) লিমিটেড এর হাইব্রিড GBK (C-2) জাতটি গোল্ডেন বার্ন কিংডম হাইব্রিড ধান-১ (GBK C-2) হিসেবে ৩টি অঞ্চলে heterosis ২০% এর অধিক হওয়ায় ঢাকা, চট্টগ্রাম ও বরিশাল অঞ্চলে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে নিবন্ধনের সুপারিশ করা হলো।

শর্ত-১ : প্যাকেটের গায়ে বীজ উৎপাদনের বছর ও প্যাকিং এর তারিখ উল্লেখ করতে হবে। যে অঞ্চলের জন্য নিবন্ধন দেওয়া হবে শুধুমাত্র সে অঞ্চলেই বীজ বিক্রি করতে হবে এবং প্যাকেটের গায়ে কোন অঞ্চলের জন্য নিবন্ধনকৃত তা লিখতে হবে।

শর্ত-২ : যে নামে হাইব্রিড জাত নিবন্ধন করা হবে শুধু সে নামেই (প্যাকেটের গায়ে উল্লেখপূর্বক) বাজার জাত করতে হবে। পরবর্তীতে কোন ক্রমেই অন্য বিকল্প নাম সংযোজন/পরিবর্তন করা যাবে না।

শর্ত-৩ : বীজের গুণাগুণ পরীক্ষার নিমিত্তে Supplying কোম্পানীর সাথে হাইব্রিড আমদানীকারক কোম্পানীর সম্পাদিত M0U ও Port arrival report বীজ প্রত্যয়ন এজেন্সীর নিকট সরবরাহ করতে হবে।

শর্ত-৪ : জাতীয় বীজ বোর্ডের ৭৫তম সভার আলোচ্য সূচী ৫(ঘ) এর সিদ্ধান্ত অনুসরণপূর্বক কোম্পানীর নামের সাথে মিল রেখে নিবন্ধনকৃত হাইব্রিড জাতের বাণিজ্যিক নাম সংযুক্ত করে বাজারজাত করতে হবে।

শর্ত-৫ : প্রথম বছর বীজ আমদানীকে ভিত্তি ধরে পরবর্তী ০৬ (ছয়) বছরের মধ্যে কোম্পানী/প্রতিষ্ঠানকে নিজস্ব ব্যবস্থাপনায়/Joint venture programme এর মাধ্যমে বীজ উৎপাদন করতে হবে। সপ্তম (৭ম) বছর থেকে কোন ক্রমেই বাণিজ্যিক উদ্দেশ্যে নিবন্ধিত হাইব্রিড জাতের বীজ আমদানী করা যাবে না।

সিদ্ধান্ত-২: "দেশে উদ্ভাবিত ধানের কোন Standard হাইব্রিড জাত না থাকায়" বাক্যংশটি বাদ দেয়া হলো।



আলোচ্য বিষয়-৩: হাইব্রিড ধান মূল্যায়ন ও নিবন্ধন পদ্ধতি পর্যালোচনা ও হাইব্রিড ধান মূল্যায়নকালে নিবন্ধনকৃত হাইব্রিড ধানের ১টি জাতকে চেকজাত হিসেবে সুনির্দিষ্টকরণ

জাতীয় বীজ বোর্ডের ৯৩তম সভার আলোচ্য সূচী ৩ এর সিদ্ধান্ত (২) হাইব্রিড ধানের জাত মূল্যায়নের জন্য চলমান কার্যক্রমের সাথে চেকজাত হিসেবে হাইব্রিড জাত ব্যবহার করতে হবে।

এ বিষয়ে ড. তমাল লতা আদিত্য, পরিচালক (গবেষণা), ব্রি বলেন যে, দেশীয় ভাবে উদ্ভাবিত ব্রি হাইব্রিড ধান ৫ জাতটিকে বোরো মৌসুমের জন্য ট্রায়ালে চেকজাত হিসেবে ব্যবহার করা যেতে পারে কারণ জাতটি সারা দেশের জন্য নিবন্ধিত হয়েছে। তাই তিনি বলেন যে, ধানের হাইব্রিড মূল্যায়নের ক্ষেত্রে চেকজাত হিসেবেই অবশ্যই হাইব্রিড ব্যবহার করা প্রয়োজন। এক্ষেত্রে প্রস্তাবিত হাইব্রিড ধানের ফলন চেক জাত (হাইব্রিড) হতে কমপক্ষে ১০% heterosis থাকতে হবে। তবে অন্যান্য বিশেষ গুণ বিশিষ্ট জাত সমূহের ক্ষেত্রে ফলন বিষয়ে বিবেচনা করা যেতে পারে। এ পর্যায়ে জনাব মোঃ আজিম উদ্দীন, প্রধান বীজতত্ত্ববিদ, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় বলেন যে, হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণ, ২০১৬ মোতাবেক “প্রস্তাবিত হাইব্রিড জাত মূল্যায়ন কর্মসূচীতে দেশীয়ভাবে উদ্ভাবিত সেই ফসলের একটি হাইব্রিড (যদি থাকে) এবং কমপক্ষে একটি মুক্তপরাগায়িত জাত স্ট্যান্ডার্ড চেক হিসেবে গ্রহণ করে টেস্ট ডিজাইন করতে হবে”। তাই দেশীয় ভাবে উদ্ভাবিত ব্রি হাইব্রিড ধান ৫জাতটিকে বোরো মৌসুমের জন্য ট্রায়ালে চেকজাত হিসেবে ব্যবহার করা যেতে পারে, তবে অবশ্যই একটি মুক্ত পরাগায়িত জাত (ব্রি ধান ২৮/ব্রি ধান ২৯) সাথে রেখে টেস্ট ডিজাইন করতে হবে। ড. মোঃ লুৎফর রহমান, পরিচালক (গবেষণা), বারি বলেন যে, ব্রি হাইব্রিড ধান ৫, চেকজাত হিসেবে ব্যবহৃত হলে অবশ্যই প্রস্তাবিত হাইব্রিড ধানের ফলন কমপক্ষে ১০% heterosis থাকতে হবে। পরিচালক (কৃষি), বিজেআরআই এ বিষয়ে একই মত পোষণ করেন এবং বলেন যে, ব্রি হাইব্রিড ধান ৫ এর জীবনকাল ১৪৫ দিন হওয়ায় তার চেয়ে ৭ দিন কম জীবনকাল বিশিষ্ট জাত সমূহের ফলনের বিষয়ে বিশেষ বিবেচনা করা যেতে পারে। জনাব মোঃ শাহজাহান আলী, সীড টেকনোলজিস্ট জানান যে, পৃথিবীর ১৪টি হাইব্রিড ধানের জাত উদ্ভাবনকারী দেশে Standard চেক হিসেবে সংশ্লিষ্ট দেশের জনপ্রিয় Standard ইনব্রিডজাতকে চেকজাত হিসেবে ব্যবহৃত হয়। সে অনুসারে বাংলাদেশেও জনপ্রিয় Standard ইনব্রিড জাত, চেকজাত হিসেবে ব্যবহৃত হচ্ছে। তিনি আরো বলেন যে, সারা দেশের জন্য নিবন্ধিত হওয়া ব্রি হাইব্রিড ধান ৫ জাতটিকে বোরো মৌসুমের জন্য ট্রায়ালে চেকজাত হিসেবে ব্যবহার করা যেতে পারে। এ বিষয়ে দেবেশ চক্রবর্তী, উপপরিচালক (বীজ ও অন্যান্য উপকরণ), ডিএই বলেন যে, ব্রি হাইব্রিড ধান ৫ জাতটিকে বোরো মৌসুমের জন্য ট্রায়ালে চেকজাত হিসেবে সাময়িকভাবে ব্যবহার করার সুপারিশ করা যেতে পারে।

